

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২১০  
তেলিয়ামুড়া, ১৫ মার্চ, ২০২৪

### তেলিয়ামুড়ায় রক্তদান শিবির

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের তেলিয়ামুড়া মহকুমা কার্যালয়ের উদ্যোগে সম্প্রতি চিত্রাঙ্গদা কলা কেন্দ্রে এক মেগা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরের উদ্বোধন করেন তেলিয়ামুড়া পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়। এছাড়া অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অচিন্ত ভট্টাচার্য, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহকারী অধিকর্তা কমলেন্দু শীল, তেলিয়ামুড়া ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের শিক্ষক দীপক কুমার দেব প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া আধিকারিক ধরনী দাস। রক্তদান শিবিরে মোট ২৩ জন রক্তদান করেন।

\*\*\*\*\*